

বঙ্গবন্ধু পেনশন বীমা [লাভসহ]



স্বাধীনতার পর যুদ্ধবিধ্বস্ত দেশের মানুষের জীবন ও সম্পদের নিরাপত্তা বিধানের লক্ষ্যে রাষ্ট্রপতির আদেশ বলে ১৯৭২ সনে বাংলাদেশের বীমা শিল্প জাতীয়করণ করা হয়। অতঃপর, জীবন বীমার সুফল দেশের আপামর জনসাধারণের কল্যাণে তাদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার উদ্দেশ্যে ইন্স্যুরেন্স কর্পোরেশন এ্যাক্ট এর মাধ্যমে ১৯৭৩ সনের ১৪ই মে তৎকালীন সকল জীবন বীমা প্রতিষ্ঠানকে একত্র করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জীবন বীমা কর্পোরেশন প্রতিষ্ঠা করেন। জীবন বীমা কর্পোরেশন দারিদ্র্য বিমোচন, জীবনমান উন্নয়ন এবং জনগণের জীবনের ঝুঁকির নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করে যাচ্ছে। এমনকি, উত্তম বিনিয়োগ হিসেবেও এর সর্বজনবিদিত সুনাম রয়েছে। জীবন বীমা কর্পোরেশন জীবনে, জীবনান্তে ও আহত গ্রাহকের পাশে থাকার অঙ্গীকারাবদ্ধ।

যাদের জন্য উপযোগী:

বাংলাদেশের প্রায় ১৭ কোটি মানুষের মধ্যে ২০-৬৫ বছর বয়সের জনসংখ্যার প্রায় ১১ কোটি। জনসংখ্যার প্রাপ্ত তথ্য থেকে দেখা যায়, বাংলাদেশে দ্রুত গতিতে বয়স্ক লোকের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এ বয়স্ক লোকের অবসর জীবন নিরুদ্বেগ, স্বচ্ছল ও শান্তিময় করার জন্য স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' পালন উপলক্ষে জীবন বীমা কর্পোরেশন নতুন এ স্কিম 'বঙ্গবন্ধু পেনশন বীমা পলিসি [লাভসহ]' চালু করেছে।

যাদের বৈশিষ্ট্যাবলী:

- প্রবেশকালীন বয়স: সর্বনিম্ন ২০ বছর ও সর্বোচ্চ ৬০ বছর।
- প্রিমিয়াম পরিশোধ পদ্ধতি: বার্ষিক ও বার্ষিক।
- বীমার মেয়াদ সর্বনিম্ন ৫ (পাঁচ) বছর এবং সর্বোচ্চ ৪৫ বছর।
- সর্বনিম্ন বীমা অংক ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার টাকা) এবং সর্বোচ্চ বীমা অংক বীমাগ্রাহকের আর্থিক সামর্থ্য অনুযায়ী।
- বীমাগ্রাহক ইচ্ছানুযায়ী ১০, ১৫ অথবা ২০ বছর পর্যন্ত গ্যারান্টিযুক্ত পেনশন নিতে পারেন।
- পেনশন প্রদান শুরুর নির্ধারিত তারিখের পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হলে নমিনি পূর্ণ বীমা অঙ্ক বোনাসসহ প্রাপ্ত হবেন।
- পেনশন প্রদান শুরুর পর বীমাগ্রাহকের মৃত্যু হলে নমিনি অবশিষ্ট সময়ের জন্য পেনশন প্রাপ্ত হবেন।
- পেনশন প্রাপ্তি শুরুর বয়স ৫৫ থেকে ৬৫ বছর।
- বীমার মেয়াদে শর্তানুযায়ী বীমাগ্রাহক পরিশোধিত মূল্য, সমর্পণ ও ঋণ গ্রহণ করার সুবিধা প্রাপ্য হবেন।
- প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যাবে।
- বীমা অঙ্ক এবং দেয় পদ্ধতির উপর এ বীমায় কোন রিবেট প্রযোজ্য নয়।
- দুই বছর প্রিমিয়াম দেয়ার পর পরিশোধিত মূল্য অর্জন করবে অর্থাৎ অপশন 'সি' প্রযোজ্য হবে।
- এই বীমার সঙ্গে অতিরিক্ত সুবিধার বীমা (Supplementary benefit) গ্রহণ করা যাবে।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

বার্ধক্যে স্বচ্ছলতা একজন মানুষকে
ভাবনাহীন, নিরুদ্বেগ ও নিশ্চিত রাখে।

আয়বিহীন জীবনে অন্যের উপর নির্ভরশীল
না হয়ে আর্থিক স্বচ্ছলতা নিশ্চিত করুন।

আপনার জন্য অন্যতম সেরা সুবিধায়ুক্ত পলিসি

বঙ্গবন্ধু পেনশন বীমা [লাভসহ]



এই পলিসি গ্রহণের মাধ্যমে আপনি
ভাবনাহীন, স্বাচ্ছন্দ্য ও স্বচ্ছল
অবসর জীবন কাটাতে সক্ষম হবেন।

সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

বঙ্গবন্ধু পেনশন বীমা [লাভসহ]



আর্থিক নিরাপত্তা ও ভাবনাহীন জীবনের জন্য



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয়: ২৪ মতিবিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন: ০২২২৩৩৮৫৭২০

ই-মেইল: tad@jbc.gov.bd

Web: jbc.gov.bd

